



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (২য় সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ৫০০

তারিখঃ ২৪/০৭/২০১৭ খ্রিস্টাব্দ।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

-----উপজেলা

-----জেলা

বিষয়ঃ সমিতি গঠন, সদস্য ভর্তি, সঞ্চয় আদায় ও ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প মেয়াদে সমিতি গঠন, সদস্য ভর্তি, সঞ্চয় আদায় ও ঋণ বিতরণের নির্ধারিত লক্ষ্যমাত্রা রয়েছে। তাই বছর ভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম পরিচালিত না হলে প্রকল্পের সামগ্রিক লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব নয়। সেই লক্ষ্যে বিগত দিনের অর্জন এবং প্রকল্পের সার্বিক লক্ষ্যমাত্রা বিবেচনা করে প্রকল্পভূক্ত উপজেলা সমূহে প্রকল্প মেয়াদে ক্রমপূঞ্জিত সমিতি গঠন, সদস্য ভর্তি এবং ২০১৭-১৮ অর্থ বছরে সঞ্চয় আদায়, ঋণ বিতরণ ও ঋণ গ্রহীতা সদস্যের লক্ষ্যমাত্রা নিম্নরূপ নির্ধারণ করা হলোঃ

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	বিবরণ	লক্ষ্যমাত্রা		মন্তব্য
		২০১৭-১৮ অর্থ বছর	ক্রমপূঞ্জিত	
১	২	৩	৪	৫
১	সমিতি গঠন	---	কমপক্ষে ৫১ টি	৫১ টি সমিতি হতে প্রয়োজনীয় সমিতির সংখ্যাই ঐ উপজেলার ২০১৭-১৮ অর্থ বছরে সমিতি গঠনের লক্ষ্যমাত্রা
২	সদস্য ভর্তি	---	কমপক্ষে ১৪০০ জন	১৪০০ জন সদস্য হতে প্রয়োজনীয় সদস্য সংখ্যাই ঐ উপজেলার ২০১৭-১৮ অর্থ বছরে সদস্য ভর্তির লক্ষ্যমাত্রা
৩	সঞ্চয় আদায়	১০.৫০ লক্ষ	---	প্রতি উপজেলায় কমপক্ষে ১০.৫০ লক্ষ টাকা সঞ্চয় আদায় করতে হবে
৪	ঋণ বিতরণ	২০০.০০ লক্ষ	---	প্রতি উপজেলায় কমপক্ষে ২০০.০০ লক্ষ টাকা ঋণ বিতরণ করতে হবে
৫	ঋণ গ্রহীতা সদস্য	৯৫০ জন	---	প্রতি উপজেলায় কমপক্ষে ৯৫০ জন সদস্যকে ঋণ বিতরণ করতে হবে
৬	উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ	৮০০ জন	---	প্রতি উপজেলায় কমপক্ষে ৮০০ জন সদস্যকে এই প্রশিক্ষণ দিতে হবে

২। ঋণ বিতরণকালে ঋণের যথাযথ ও লাভজনক ব্যবহাসহ বিভিন্ন সচেতনতামূলক বিষয়ে সদস্যদের উদ্বুদ্ধ করতে হবে এবং ইহাকে 'উদ্বুদ্ধকরণ বিষয়ক প্রশিক্ষণ' হিসেবে গণ্য করে পৃথক রেজিস্টারে উক্ত সদস্যদের স্বাক্ষর সংরক্ষণ করতে হবে। এই প্রশিক্ষণের জন্য প্রকল্প হতে কোনরূপ বরাদ্দ প্রদান করা হবে না। বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অগ্রগতি হিসেবে এই প্রশিক্ষণকে অন্তর্ভুক্ত করতে হবে।

এমতাবস্থায় উপরোক্ত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রকল্পভূক্ত উপজেলাসমূহে জুন/২০১৭ খ্রিঃ মাসের বিদ্যমান সমিতি ও সদস্য সংখ্যা স্বাপেক্ষে প্রয়োজনীয় সমিতি গঠন ও সদস্য ভর্তি এবং ২০১৭-১৮ অর্থ বছরে সঞ্চয় আদায়, ঋণ গ্রহীতা সদস্য সংখ্যা এবং ঋণ বিতরণের পরিমাণ উল্লেখ পূর্বক সংশ্লিষ্ট মাঠ সংগঠকদের মধ্যে দায়িত্ব বন্টন করে অত্র দপ্তরকে অবহিত করার জন্য বলা হলো। একই সাথে জুন/২০১৮ সালের মধ্যে উল্লেখিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও মাঠ সংগঠকসহ সকলকে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ-----।
- ২। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (সদয় অবগতির জন)।
- ৪। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (সদয় অবগতির জন)।
- ৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
- ৬। মাঠ সংগঠক (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
- ৭। অফিস কপি।